গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
জাতীয় সংসদ ও আন্তঃমন্ত্রণালয় শাখা

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষে আইসিটি বিভাগের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এন এম জিয়াউল আলম<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ৩০.০৭.২০২০ |
| সভার সময় | বেলা ১১.০০টা |
| স্থান | সম্মেলনকক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| উপস্থিতি | ... |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (জাতীয় সংসদ ও আন্তঃমন্ত্রণালয় শাখা) আগামী ১৫.০৮.২০২০ তারিখে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২০ পালনের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে গত ১৬.০৭.২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন। সভাপতি উক্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের করণীয় সম্পর্কে সদস্যদের মতামত আহ্বান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম. | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | আইসিটি টাওয়ারে অবস্থিত সকল দপ্তরের পক্ষ হতে বিসিসি জাতীয় পতাকা অর্ধনমিত অবস্থায় উত্তোলন করবে। পতাকার রং, মাপ ও আকার সরকারি বিধি অনুযায়ী হতে হবে। জাতীয় পতাকা অর্ধনমিত করার সঠিক নিয়ম পরিপালন করতে হবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং বাংলাদেশ হাই-টেক পার্কের আঞ্চলিক অফিস/ঢাকার বাইরের স্থাপনায় একই নিয়মে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, নির্বাহী পরিচালক, বিসিসি এবং মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ২. | জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০২০-এ একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২০-এর প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করতে হবে। | মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করে ফলো-আপ সভাটি আগস্ট মাসের ৬ তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (সাধারণ সেবা), যুগ্মসচিব (অভ্যন্তরীণ সেবা), উপসচিব (জাঃ সঃ ও আন্তঃমন্ত্রণালয় শাখা) |
| ৩. | ১৫.০৮.২০২০ তারিখ সকাল ৬.৩০ টায় ধানমন্ডির ৩২নং রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে এ বিভাগ এবং আওতাধীন সকল দপ্তর সংস্থার কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাত। | এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ নিজ নিজ ব্যানার ও পুষ্পস্তবক তৈরি করবে। তবে ব্যানার ও পুষ্পস্তবকের মাপ সাধারণ সেবা অনুবিভাগ হতে অনুমোদন করিয়ে নিতে হবে। উপসচিব (লজিস্টিক সেবা) এ বিভাগের ব্যানার, পুষ্পস্তবক এবং প্রয়োজনীয় সংখ্যক কালো ব্যাজ প্রস্তুত করবেন। | দপ্তর/সংস্থা প্রধানগণ, অতিরিক্ত সচিব (সকল), যুগ্মসচিব (অভ্যন্তরীণ সেবা) এবং উপসচিব (লজিস্টিক সেবা), আইসিটি বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ৪. | যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস ২০২০ পালনের লক্ষ্যে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সমন্বয়ে একটি আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ভার্চুয়াল আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করবে। সভার আলোচক ও সময় মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা করে নির্ধারণ করতে হবে। | মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ৫. | সকল কর্মকর্তা/কর্মচারীর উপস্থিতির বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতীয় শোক দিবস উপলক্ষে এ বিভাগ কর্তৃক আয়োজিত কার্যক্রমে এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীর সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপস্থিতি স্ব স্ব প্রধানগণ নিশ্চিত করবেন। যে সব দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ে কর্মকর্তা/কর্মচারী রয়েছে, জেলা/উপজেলা কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে তাদের সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপস্থিতি স্ব স্ব দপ্তর নিশ্চিত করবে। বিসিসি-র আঞ্চলিক কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-এর জেলা/উপজেলা অফিস এবং উদ্যোক্তাদের ১৫.০৮.২০২০ সকাল সন্ধ্যায় বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ প্রচার করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল), অতিরিক্ত সচিব (সকল), যুগ্মসচিব (অভ্যন্তরীণ সেবা), আইসিটি বিভাগ |
| ৬. | ঢাকাসহ সারা দেশের বিভিন্ন স্থানে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড/ইলেকট্রনিক বিলবোর্ড-এর মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি ব্যাপক প্রচার করতে হবে। | আইসিটি বিভাগের অধীনে বাস্তবায়নাধীন "লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রজেক্ট"এবং "মোবাইল গেইম ও এপ্লিকেশন-এর দক্ষতা উন্নয়ন শীর্ষক প্রকল্প" সারা দেশে তাদের স্থাপিত বিলবোর্ডের মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি ব্যাপকভাবে প্রচার করবে। | প্রকল্প পরিচালক, "লার্নিং এন্ড আর্নিং প্রকল্প", প্রকল্প পরিচালক, "মোবাইল গেইম প্রকল্প"এবং মেইনটেনান্স ইঞ্জিনিয়ার, আইসিটি বিভাগ |
| ৭. | জাতীয় শোক দিবসের সংগে সংগতিপূর্ণ কর্মসূচি সকল মন্ত্রণালয়/বিভাগ ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে আয়োজন করবে। এ ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনস্থ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং এটুআই প্রকল্প জাতীয় শোক দিবসের ভার্চুয়াল কর্মসূচি পালনের ক্ষেত্রে সকল মন্ত্রণালয়/বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প |
| ৮. | মুজিববর্ষ পালন এবং আগামী ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস পালন কর্মসূচির অংশ হিসেবে এ বিভাগের উদ্যোগে দুটি অনলাইন সেমিনার (১টি বাংলা ও ১টি ইংরেজি) আয়োজন করা হবে। | (১) অনলাইন বাংলা সেমিনারটি আয়োজন ও দেশের অভ্যন্তরে অনলাইন মিডিয়ায় প্রচারের ব্যবস্থা করবে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।<br>(২) অনলাইন ইংরেজি সেমিনারটি আয়োজন এবং যুক্তরাষ্ট্র ও কানাডাসহ আন্তর্জাতিকভাবে অনলাইন প্রচার/বুস্টিং-এর ব্যবস্থা করবে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ।<br>উভয় সংস্থা মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনাপূর্বক ভার্চুয়াল সেমিনার ২টি আয়োজনের তারিখ, বিষয়বস্তু এবং আলোচকবৃন্দ নির্ধারণ করবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, নির্বাহী পরিচালক, বিসিসি এবং যুগ্মসচিব (আইসিটি প্রমোশন অধিশাখা) |
| ৯. | জাতীয় শোক দিবস-২০২০ উপলক্ষে গৃহীত কার্যক্রমের যথাযথ উপস্থাপন ও প্রচারের বিষয়ে আলোচনা হয়। | জাতীয় শোক দিবস-২০২০ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং এ বিভাগ কর্তৃক প্রস্তাবিত ভার্চুয়াল আলোচনা সভার ছবি ও তথ্য যথাযথভাবে প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | জনসংযোগ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এন এম জিয়াউল আলম
সিনিয়র সচিব

১১ শ্রাবণ [illegible]

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০১৬.২৩.০০১.১৮.৭৯ তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৭

০৩ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সদয় অবগতির জন্য)

২) দপ্তর/সংস্থার প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

৩) অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৪) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

৫) প্রকল্প পরিচালক (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৬) যুগ্ম সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৭) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি প্রমোশন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৮) উপসচিব/উপ-প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

৯) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১২) সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

১৩) সহকারী সচিব, আইন, বিধি এবং প্রবিধি শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৪) সহকারী সচিব, স্ট্যান্ডার্ড এন্ড সিকিউরিটি শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৫) সিস্টেম এনালিস্ট, ই-সার্ভিস অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৬) প্রোগ্রামার/মেইনটেনেন্স ইঞ্জি./সহ.প্রোগ্রামার/সহ.মেইনটেনেন্স ইঞ্জি. (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।

১৭) প্রোগ্রামার, ই-সার্ভিস অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৮) চিফ এ্যাকউন্স এন্ড ফাইনান্স অফিসার, সিজিএ ভবন

১৯) শহিদুল আলম মজুমদার, তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

২০) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব ও অডিট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

মোহাম্মদ জসিম উদ্দিন
উপসচিব